

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা - ১০০০।

শ্রাবণ ৩০, ১৪২৫

বিআরপিডি সার্কুলার নং - ০৯

তারিখ :-----

আগস্ট ১৪, ২০১৮

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

শিডিউল অব চার্জেস প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৯ তারিখঃ ডিসেম্বর ২২, ২০০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি  
আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারে ব্যাংক কর্তৃক কতিপয় ক্ষেত্রে চার্জ/ফি/কমিশন আদায়ের বিষয়ে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান  
করা হলেও ব্যাংক গ্যারান্টির বিপরীতে কমিশন আদায় সংক্রান্ত কোন নির্দেশনা প্রদান করা হয়নি। ব্যাংক কর্তৃপক্ষ  
নিজস্ব বিবেচনায় ত্রৈমাসিক ভিত্তিতে ব্যাংক গ্যারান্টির বিপরীতে কমিশন আদায় করে থাকে। সম্প্রতি বিভিন্ন গ্রাহক  
হতে এ মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে যে, গ্যারান্টির মেয়াদ কোন ত্রৈমাসিকের মধ্যবর্তী কোন সময়ে শেষ হলেও  
ব্যাংকসমূহ সংশ্লিষ্ট ত্রৈমাসিকের পূর্ণ সময়ের জন্য তাদের প্রদত্ত ব্যাংক গ্যারান্টির বিপরীতে কমিশন আদায় করছে।  
কোন ব্যাংক গ্যারান্টির মেয়াদ এক ত্রৈমাসিক সময়ের চেয়ে বেশী হলে সেক্ষেত্রে নির্ধারিত হারে প্রকৃত মেয়াদ পর্যন্ত  
কমিশন আদায় করা অধিকতর যুক্তিযুক্ত।

এক্ষণে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, কোন ব্যাংক কর্তৃক প্রদত্ত ব্যাংক গ্যারান্টি এক ত্রৈমাসিক বা এর  
চেয়ে কম সময়ের জন্য প্রদত্ত হলে সেক্ষেত্রে ব্যাংক নিজস্ব বিবেচনায় সর্বোচ্চ এক ত্রৈমাসিকের সমপরিমাণ কমিশন  
আদায় করতে পারবে। তবে ব্যাংক গ্যারান্টির মেয়াদ যদি এক ত্রৈমাসিকের চেয়ে বেশী সময়ের জন্য হয় সেক্ষেত্রে যে  
তারিখে ব্যাংক গ্যারান্টির মেয়াদ পূর্ণ হবে শুধুমাত্র ঐ নির্ধারিত তারিখ পর্যন্ত সময়কালের জন্য কমিশন আদায় করা  
যাবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাহের)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২